

"যারা কাজ করে তাদেরই ভুল হতে পারে
যারা কাজ করে না তাদের ভুলও হয় না।"
-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

# গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

৪র্থ বর্ষ
৩য় সংখ্যা

এপ্রিল-জুন
২০১৫ খ্রি.

# শিক্ষাবৃত্তি চালু করলো বিএইচবিএফসি







মেধাবী শিক্ষার্থীদের পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল উৎসাহিত করণে এককালীন শিক্ষাবৃত্তি চালু করলো বিএইচবিএফসি। সাম্প্রতিক বছরগুলিতে কর্পোরেশনের সার্বিক কর্মকান্ডে নতুনত্ব সংযোজন প্রক্রিয়ায় এই শিক্ষাবৃত্তির প্রচলন। প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আন্তরিক সদিচ্ছা ও প্রচেষ্টায় এ ব্যবস্থা চালু হওয়ায় কর্মকর্তা-কর্মচারিদের অন্যতম একটি প্রাণের দাবি পূরণ হলো।

গত ৯ মে কর্পোরেশন প্রথমবারের মতো শিক্ষাবৃত্তি প্রদান ও চিত্তবিনোদন অনুষ্ঠান ২০১৫-এর আয়োজন করে। ঢাকাস্থ মিরপুর পুলিশ কনভেনশন হলে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব ভূঁইয়া সফিকুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ। অন্যান্যদের মধ্যে কর্পোরেশন পরিচালনা পর্ষদের সাবেক চেয়ারম্যান মো. ইয়াছিন আলী ও বর্তমান পর্ষদের পরিচালক মো. জালাল উদ্দিন এবং সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে কর্পোরেশনের সদর দফতর এবং ঢাকাস্থ মোট সাতটি জোনাল অফিসের কর্মকর্তা-কর্মচারীদের ৩০ জন মেধাবী সন্তানকে পিএসসি, জেএসসি, এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য প্রসংশাপত্র, অর্থমূল্য এবং মূল্যবান বই উপহার দেয়া হয়। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা প্রধান ও বিশেষ অতিথি এবং সভাপতির নিকট থেকে বৃত্তি এবং উপহারসামগ্রী গ্রহণ করে। উল্লেখ্য, এবছর দেশব্যাপী কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের মোট ৫১ জন মেধাবী সন্তানকে ৩.৭৪ লক্ষ টাকার বৃত্তি প্রদান করা হয়। প্রতিষ্ঠানটির সার্বিক কার্যক্রমে সংস্কার এবং ব্যবসায়িক সাফল্য ত্বরান্বিতকরণে বর্তমান কর্তৃপক্ষ নিরলস কাজ করে যাচ্ছে। ব্যবসায় এবং রাষ্ট্র অর্পিত দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার বিষয়টিও কর্তৃপক্ষের বিবেচনায় সমান গুরুত্বপূর্ণ। তাই, চলতি অর্থবছর থেকে মেধাবী শিক্ষার্থীদের উৎসাহিতকরণে বৃত্তি প্রদানের মহৎ এ উদ্যোগ নেয়া হয়েছে।

বৃত্তি প্রদানের আনুষ্ঠানিকতার পর আকর্ষণীয় চিত্তবিনোদন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে দেশের নন্দিত সংগীত ও নৃত্য-শিল্পীবৃন্দ মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। কর্পোরেশনের নিজস্ব এবং অতিথি শিল্পীদের পরিবেশনা উপস্থিত সকলকে বিমোহিত করে। অনুষ্ঠানের শেষ পর্যায়ে আকর্ষণীয় র‍্যাফল-ড্র এবং নৈশভোজের আয়োজন করা হয়।





চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ড. এম আসলাম আলম (ডান থেকে তৃতীয়) এবং সর্বডানে ড. মো. নূরুল আলম তালুকদার। মাঝে উপবিষ্ট শেখ আমিনউদ্দিন আহমেদ।

## কেপিআই (KPI) চুক্তি স্বাক্ষর

গত ৯ এপ্রিল অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বিএইচবিএফসি'র মধ্যে 'পারফর্মেন্স কন্ট্রাক্ট' শীর্ষক এক চুক্তি স্বাক্ষরিত হয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব ড. এম আসলাম আলম এবং কর্পোরেশনের পর্ষদ চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ ও ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার নিজ নিজ পক্ষে এই চুক্তি স্বাক্ষর করেন। সেবা প্রদানকারী সরকারী প্রতিষ্ঠানসমূহে যথাযোগ্য বাণিজ্যিক পরিবেশ ও গতিশীলতা অর্জন, কর্মদক্ষতা বৃদ্ধি ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় Major Key Performance Target নির্ধারণ ও অনুমোদনের লক্ষে এ চুক্তি স্বাক্ষরিত হয়।

এ চুক্তি অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থবছর পর্যন্ত কর্পোরেশন কর্তৃক মোট ১১টি ইনডিকেটরে নির্ধারিত লক্ষমাত্রা অর্জন করতে হবে।

এ চুক্তি স্বাক্ষরের পর চুক্তির শর্ত অনুসরণের ফলে ৩০ জুন ২০১৫ পর্যন্ত সকল সূচকের অর্জনে ইতিবাচক প্রবণতা লক্ষ্য করা গেছে।





## বিএইচবিএফসি-কে টিউলিপ সিদ্দিকি'র ধন্যবাদপত্র

*To :*
*House Building Finance Co.*
*Tue, May 26, 2015, at 6:57 pm*

*Good afternoon,*

*Thank you so much for your kind words. I am just writing to thank you personally for taking the time to get in touch with me about the election result. I really appreciate it.*

*The closeness of the result shows how important everyone's were in this campaign. The outcome could have been very different if just a handful of people didn't speak out for Labour or help in the campaign.*
*This only magnifies my gratitude.*

*Best wishes,*
*Tulip Siddiq MP*
*Member of Parliament for Hampstead and Kilburn*
*UK.*

বিএইচবিএফসি কর্তৃপক্ষ দেশ ও জাতির প্রতিটি গৌরবময় অর্জনে অন্যসকলের মতো সমানভাবে উচ্ছ্বসিত। বিগত ৭ মে অনুষ্ঠিত ব্রিটিশ পার্লামেন্টের ৫৬-তম সাধারণ নির্বাচনে বাংলাদেশী বংশোদ্ভুত তিন ব্রিটিশ নাগরিকের সেদেশের পার্লামেন্ট নির্বাচনে গৌরবজনক বিজয়ে বিএইচবিএফসি যারপরনাই আন্দন্দিত। জাতির জনকের নাতনি এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভাগ্নী শেখ রেহানার কন্যা টিউলিপ সিদ্দিকির বৃটিশ পার্লামেন্টের এমপি নির্বাচিত হওয়ায় এ আনন্দের উচ্ছ্বাস ভিন্ন মাত্রায় উদ্ভাসিত।

কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার একজন মুক্তিযোদ্ধা হিসেবে জাতির এই মহিসী তিন কন্যা, বিশেষত বঙ্গবন্ধুর নাতনির গৌরবময় অর্জনের পর তাঁদের অভিনন্দন জানাতে ভুল করেননি। পত্র লিখে এবং পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে কর্পোরেশনের পক্ষ থেকে তাঁদের এ অভিনন্দন জানানো হয়। তাঁর এ অভিনন্দনপত্রের প্রেক্ষিতে স্বকৃতজ্ঞ টিউলিপ সিদ্দিকি গত ২৬ মে এ ধন্যবাদপত্র প্রেরণ করেন

হ্যাম্পস্টেড ও কিলবার্ণ অঞ্চল নিয়ে গঠিত ব্রিটিশ পার্লামেন্টের সংসদীয় আসন থেকে লেবার পার্টির প্রতিনিধি হিসেবে এমপি নির্বাচিত হন টিউলিপ সিদ্দিকি। কর্পোরেশন এমডি'র অভিনন্দন বার্তার জবাবে ফিরতি এক মেইলে টিউলিপ কর্পোরেশনকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। টিউলিপ সিদ্দিকি'র মেইলটির বক্তব্য বাম পার্শ্বের ব্যানারে হুবহু তুলে ধরা হল।

# APUHF'র গৃহায়ণ সেমিনারে বিএইচবিএফসি




সেমিনারে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার (বাম থেকে চতুর্থ)

গত ২৮ ও ২৯ মে পাকিস্তানের ইসলামাবাদে অনুষ্ঠিত Affordable Housing & Mortgage Finance শীর্ষক এক আন্তর্জাতিক সেমিনারে যোগ দেয় বিএইচবিএফসি। পাকিস্তান কেন্দ্রীয় ব্যাংকের অবকাঠামো, গৃহায়ণ এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা অর্থায়ন বিভাগ (Infrastructure, Housing & SME Finance Department) এবং Asia Pacific Union for Housing Finance (APUHF) এর যৌথ আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। APUHF'র সদস্য বিএইচবিএফসি'র পক্ষে এর ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার সেমিনারে যোগদান করেন।

এশিয়া-প্যাসিফিক অঞ্চলে হাউজিং সেক্টরের প্রতিথযশা ও স্বনামধন্য বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং এ ক্ষেত্রে উন্নয়ন অংশীদারী প্রতিষ্ঠান: বিশ্বব্যাংক, আইএফসি, এডিবি এবং ডিএফআইডি'র প্রতিনিধিবৃন্দ এ সেমিনারে উপস্থিত ছিলেন। পাকিস্তানের প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী এবং সেদেশের কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর সেমিনারের শেষ অধিবেশনে যোগদান করেন।

# পাকিস্তানে বাংলাদেশ হাইকমিশনে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক



পাকিস্তান সফরকালে সেদেশে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনে কর্মরত কর্মকর্তাদের সাথে সাক্ষাৎ করেন ড. মো. নূরুল আলম তালুকদার (ডান থেকে দ্বিতীয়)। ছবিতে কমিশনে কর্মরত হাইকমিশনার এইচ ই সোহারাব হোসেন, (ডান থেকে তৃতীয়) নিরাপত্তা উপদেষ্টা বিগ্রেডিয়ার জে. মির্জা এজাজুর রহমান, এনডিসি, পিএসসি (বাম থেকে তৃতীয়); কাউন্সিলর (প্রেস) মোহাম্মদ ইকবাল হোসেন, (বাম থেকে দ্বিতীয়) কাউন্সিলর (রাজনৈতিক) মিসেস মৌসুমী রহমান (সর্ববামে) ও কাউন্সিলর (কনস্যুলার) মো. আশরাফুল কবির, (সর্বডানে)।

# 'দুর্নীতি প্রতিরোধ ও প্রতিকার' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন পরিচালনা পর্ষদ চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ (মাঝে) সর্ববামে দুদক মহাপরিচালক ড. মো. শামসুল আরেফিন; সর্বডানে ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার

গত ৮ এপ্রিল বিএইচবিএফসি'র আয়োজন ও ব্যবস্থাপনায় 'দুর্নীতি প্রতিরোধ ও প্রতিকার' শীর্ষক একদিনের এক সেমিনার কর্পোরেশনের প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে এ সেমিনারের শুভ উদ্বোধন করেন। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন দুর্নীতি দমন কমিশন (দুদক) এর মহাপরিচালক ড. মো. শামসুল আরেফিন। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্ম-সচিব সৈয়দা নূরুন নাহার; দুদকের পরিচালক মো. নূর আহাম্মদ, মো. মনিরুজ্জামান, উইং কমান্ডার মো. তাহিদুল ইসলাম এবং মো. বেলাল হোসেন; বাংলাদেশ ব্যাংকের যুগ্ম-পরিচালক কামাল হোসেনসহ কর্পোরেশনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

সেমিনার উদ্বোধন উপলক্ষে শুভেচ্ছা বক্তব্যে কর্পোরেশনের চেয়ারম্যান ব্যক্তি, পরিবার, সমাজ এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে নীতি-আদর্শ ও সততা চর্চার উপর গুরুত্বারোপ করেন। তিনি দুর্নীতিবিরোধী অবস্থান দৃঢ় করণে এসব সামাজিক প্রতিষ্ঠান এবং ব্যক্তির ঐকান্তিক চেষ্টাকে মূল পাথেয় বলে উল্লেখ করেন। সাম্প্রতিক সময়ে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সেক্টরে দুর্নীতির প্রসার ঘটায় তিনি উদ্বেগ ও হতাশা ব্যক্ত করেন। সর্বপরি তিনি এ অবস্থার উন্নয়নে সকলকে এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দুর্নীতি প্রতিরোধ, প্রতিকার এবং সার্বিক সেবার মানোন্নয়নে বিএইচবিএফসি-তে তাঁর গৃহীত নানা পদক্ষেপের বর্ণনা দেন। বিএইচবিএফসি-তে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে কর্মকৌশল উন্নয়নের পাশাপাশি কর্মকর্তাদের মাঝে নৈতিকতার মানোন্নয়নে ব্যাপক প্রশিক্ষণ কার্যক্রম হাতে নেওয়া হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি এখন থেকে কর্পোরেশনের প্রতিটি প্রশিক্ষণ কোর্সে অন্তত একটি করে হলেও দুর্নীতিবিরোধী ক্লাস রাখার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

সেমিনারের কর্ম-অধিবেশনে দুদকের মহাপরিচালক ড. শামসুল আরেফিন মূল প্রবন্ধ উপস্থাপন করেন। প্রবন্ধে তিনি দুর্নীতি প্রতিরোধ ও প্রতিকারে দুদকের অবস্থান, ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে দুর্নীতি বন্ধে করনীয় সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। প্রবন্ধ উপস্থাপন শেষে দুদকের পরিচালকবৃন্দ, বাংলাদেশ ব্যাংক ও মন্ত্রণালয়ের প্রতিনিধিগণও এ বিষয়ে তাঁদের বক্তব্য তুলে ধরেন। এ ধরনের সেমিনারের আয়োজন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সেক্টরে এই প্রথম বলে বক্তারা উল্লেখ করেন।




সেমিনারে অংশ গ্রহনকারী দুদক, মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং বিএইচবিএফসি'র উর্ধ্বতন কর্মকর্তাদের একাংশ




## শুভ হালখাতা ও আদায় সপ্তাহ উদ্‌যাপন

গত পহেলা বৈশাখ ১৪২২-শুভ বাংলা নববর্ষ উপলক্ষে বিএইচবিএফসি'র সকল জোনাল ও রিজিওনাল অফিসে শুভ হালখাতা ও ঋণ আদায় সপ্তাহ উদ্‌যাপন করা হয়। গত ১১ এপ্রিল শুরু হয়ে ১৬ এপ্রিল পর্যন্ত চলে এ আদায় সপ্তাহের বিশেষ আদায় তৎপরতা। ১৪ এপ্রিল ১লা বৈশাখের দিনে করা হয় বর্ষবরণ ও হালখাতা অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা। কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ জোনাল অফিস, খুলনা আয়োজিত হালখাতা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সমবেত গ্রাহকদের সাথে মতবিনিময় করেন। এসময় তিনি সম্মানিত গ্রাহক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী এবং প্যানেল ল-ইয়ারদের উদ্দেশে বক্তব্য রাখেন।

এ উপলক্ষে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার ঢাকাস্থ বিভিন্ন জোনাল অফিস পরিদর্শন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি বর্ষবরণ ও হালখাতা অনুষ্ঠানের কার্যক্রম মনিটর করেন। এসময় তিনি সমবেত গ্রহীতাদের সাথে কুশল বিনিময় ও খেলাপী ঋণ পরিশোধে তাঁদের উদ্বুদ্ধ করেন।

আদায় সপ্তাহে বিশষত বাড়িতে বাড়িতে গিয়ে খেলাপী গ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ করা হয়। এ প্রক্রিয়ায় গ্রহীতাদের উপযুক্ত পরামর্শ প্রদান ও সর্বশেষ সুযোগ সুবিধা সম্পর্কে অবহিত করা এবং আইনগত ব্যবস্থার জটিলতার বিষয়ে গ্রহীতাদের বিস্তারিত ধারণা দিয়ে করণীয় সম্পর্কে পরামর্শ দেয়া হয়। খেলাপী ঋণ আদায়ে এটি একটি ইতিবাচক পন্থা।

এবছর হালখাতা উপলক্ষে পরিচালিত আদায় সপ্তাহে মোট ৩০৮০ জন খেলাপী গ্রহীতা ৯.৫৩ কোটি টাকা নগদে জমা করে তাঁদের হিসাব নিয়মিত করেন। এসময় আরো অনেকে ৩০ জুনের মধ্যে প্রায় ২৪.১৩ কোটি টাকার খেলাপী কিস্তি পরিশোধের মাধ্যমে হিসাব হালনাগাদ করার প্রতিশ্রুতি দেন।




জোনাল অফিস জোন-৩, ঢাকা আয়োজিত শুভ নববর্ষ ও হালখাতা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গ্রহীতাদের উদ্দেশে বক্তব্য রাখছেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার (বাম থেকে দ্বিতীয়)।



বিদায়ী কর্মকর্তা (ডান থেকে দ্বিতীয়)-কে ক্রেস্ট তুলে দিচ্ছেন ব্যবস্থাপনা পরিচালক

## অভিনন্দন ও বিদায় সংবর্ধনা

গত ১১ জুন কর্পোরেশনের প্রশিক্ষণ কেন্দ্রে নতুনের অভিষেক ও একজন মহাব্যবস্থাপকের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

বিএইচবিএফসি-তে যোগাদানকৃত তিন মহাব্যবস্থাপক যথাক্রমে ড. দৌলতুন্নাহার খানম, এ এফ এম জহিরুল ইসলাম ও মো. আমিন উদ্দিন-কে অভিনন্দন এবং কর্পোরেশনের সাবেক মহাব্যবস্থাপক মো. আফজাল করিম-এর বিদায় সংবর্ধনার জন্য এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সদর দপ্তরের সকল বিভাগীয় প্রধান; ঢাকা, নারায়ণগঞ্জ ও সাভারস্থ জোনাল অফিসের প্রধানগণসহ সদর দপ্তর ও জোন-৩, ঢাকার তৃতীয় শ্রেণীর কর্মচারীসহ সকল কর্মকর্তাগণ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ব্যবস্থাপনা পরিচালকসহ বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ যোগদানকৃত মহাব্যবস্থাপকদের অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে তাঁদের ফুলের তোড়া দিয়ে স্বাগত জানানো হয় এবং বিএইচবিএফসি-তে তাঁদের সফল কর্মকাল কামনা করা হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে কর্পোরেশনের সাবেক মহাব্যবস্থাপক মো. আফজাল করিমের বিদায় সংবর্ধনা প্রদান করা হয়। সরকার সম্প্রতি জনাব করিম-কে বিএইচবিএফসি থেকে বাংলাদেশ কৃষি ব্যাংকে পদায়ন করে। বিদায় সংবর্ধনায় কর্পোরেশনের বিভিন্ন মাঠ-অফিস এবং সদর দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ তাঁর সাথে কাজের স্মৃতি ও অভিজ্ঞতা তুলে ধরেন। সকলেই এই কর্মকর্তার কর্মনিষ্ঠা, প্রজ্ঞা এবং সততার ভূয়সী প্রশংসা করেন। সবশেষে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক বিদায়ী কর্মকর্তার হাতে কর্পোরেশনের লোগো-খোচিত ক্রেস্ট, ফুলের তোড়া এবং উপহার সামগ্রী তুলে দেন।




## খুলনা বিভাগীয় সমিতি'র আলোচনা ও ইফতার পার্টিতে পর্ষদ চেয়ারম্যান

গত ২৭ জুন ঢাকাস্থ শওকত ওসমান মিলনায়তনে খুলনা বিভাগীয় সমিতি, ঢাকা-এর এক আলোচনা সভা ও ইফতার পার্টি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মসিউর রহমান (ডান থেকে দ্বিতীয়)। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন, এমপি (ডানে প্রথম) এবং অন্যতম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ (বামে প্রথম)। এছাড়া অনুষ্ঠানে দেশবরেণ্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তারা খুলনা বিভাগের উন্নয়ন সংক্রান্ত বিষয়াবলীর উপর আলোচনা করেন।




## বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদের অনুষ্ঠানে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক

গত ২৩ মে বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদের বার্ষিক সাধারণ সভা-২০১৫ বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রধান মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিষদের কেন্দ্রীয় কমিটির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্যসচিব মো. আবুল কালাম আজাদ (ডান থেকে তৃতীয়)। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক চুন্নু (ডান থেকে দ্বিতীয়)। পরিষদের কেন্দ্রীয় কমিটির নির্বাহী চেয়ারম্যান ও বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার (বাম থেকে তৃতীয়), সংগঠনটির মহাসচিব রাশেদুল হাসান শেলী, বাংলাদেশ টেলিভিশনের সাবেক মহাপরিচালক ম. হামিদ (সর্বডানে), আন্তর্জাতিক মানবতাবিরোধী অপরাধ ট্রাইবুনালের প্রধান তদন্ত কর্মকর্তা আব্দুল হান্নান খান (সর্ব বামে), এ্যাডভোকেট আনিসুর রহমান (বামে দ্বিতীয়) এবং বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের সর্বস্তরের ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।


ড. দৌলতুন্নাহার খানম


এ এফ এম জহিরুল ইসলাম


মো. আমিন উদ্দিন আহমেদ

## তিন নতুন মহাব্যস্থাপকের কাজে যোগদান

গত ৮ জুন কর্পোরেশন সদর দফতরে তিন নতুন মহাব্যবস্থাপক কাজে যোগদান করেছেন। অর্থমন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এতদ্‌সংক্রান্ত এক আদেশ অনুযায়ী পদোন্নতিপ্রাপ্ত মহাব্যবস্থাপকগণ এ পদে যোগদান করেন। মহাব্যবস্থাপকবৃন্দ হলেন : ড. দৌলতুন্নাহার খানম, এ.এফ.এম. জহিরুল ইসলাম ও মো. আমিন উদ্দিন। ড. দৌলতুন্নাহার খানম ও এ.এফ.এম. জহিরুল ইসলাম বিএইচবিএফসি'র উপ-মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি পরীক্ষায় অবতীর্ণ হয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন এবং এ প্রতিষ্ঠানটিতেই মহাব্যবস্থাপক পদে পদায়িত হয়েছেন। তাঁরা কর্পোরেশনে যথাক্রমে প্রশাসন ও অডিট বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে কর্মরত ছিলেন। মো. আমিন উদ্দিন কর্মসংস্থান ব্যাংকের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের উপ-মহাব্যবস্থাপক পদে কর্মরত ছিলেন। নতুন তিন মহাব্যবস্থাপকের কাজে যোগদানের অব্যবহিত পর কর্পোরেশনের তিনটি মহাবিভাগে তাঁদের পদায়ন করা হয়।

## পদোন্নতি

সাম্প্রতিক সময়ে কর্পোরেশনে একটি উপ-মহাব্যবস্থাপক এবং চারটি সহকারী মহাব্যবস্থাপক পদে মোট ৫ জন কর্মকর্তাকে পদোন্নতি দেয়া হয়েছে। ঢাকাস্থ জোনাল অফিস, জোন-৫ এর ব্যবস্থাপক মো. তোফায়েল আহমেদ-কে গত ১৬ এপ্রিল উপ-মহাব্যবস্থাপক পদে পদোন্নতি দিয়ে একই কর্মস্থলে তাঁর পদায়ন বহাল রাখা হয়েছে।

সিনিয়র প্রিন্সিপাল অফিসার থেকে সহকারী মহাব্যবস্থাপক পদে পদোন্নতি পেয়েছেন ৪ জন কর্মকর্তা। তাঁরা হলেন : মিসেস মাহমুদা বেগম, মো. নূরুজ্জামান চৌধুরী, মো. রুহুল আমিন এবং মো. শফিকুল ইসলাম মিয়া। গত ২৫ ও ২৬ মে ভিন্ন দু'টি অফিস আদেশের মাধ্যমে তাঁদের এ পদোন্নতি ও পোস্টিং দেয়া হয়।




# 'জাতীয় শুদ্ধাচার কৌশল' শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

উদ্বোধনী বক্তৃতা রাখছেন পর্ষদ চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ (মাঝে)। পার্শ্বে উপবিষ্ট ড. মো. নূরুল আলম তালুকদার, ব্যবস্থাপনা পরিচালক (ডান থেকে দ্বিতীয়)।

গত ১৪ জুন বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' শীর্ষক এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে এ কোর্সের শুভ উদ্বোধন করেন। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্পোরেশনের মহাব্যবস্থাপক (প্রশাসন) ড. দৌলতুন্নাহার খানম। প্রতিষ্ঠানের অপর দুই মহাব্যবস্থাপক–এ.এফ.এম জহিরুল ইসলাম এবং মো. আমিন উদ্দিনসহ ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। দুই দিনব্যাপী এ কোর্সে সিনিয়র প্রিন্সিপাল অফিসার এবং প্রিন্সিপাল অফিসার ও সমমানের মোট ২৪ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

উদ্বোধনী বক্তৃতায় চেয়ারম্যান মহোদয় পেশাজীবনে শুদ্ধাচার চর্চার গুরুত্ব সম্পর্কে হৃদয়গ্রাহী বক্তব্য রাখেন। তিনি ব্যাংকিং পেশার গৌরবময় অতীতের কথা স্মরণ করে বর্তমানে এ খাতে বিরাজমান অস্থিরতা ও নৈতিক অবক্ষয়ের জন্য উদ্বেগ ব্যক্ত করেন। তিনি এ কোর্সের মাধ্যমে অর্জিত জ্ঞান ও নৈতিক শিক্ষা কাজে লাগানোর আহ্বানের মধ্যদিয়ে কোর্সটির সর্বাঙ্গীন সাফল্য কামনা করে এর শুভ উদ্বোধন করেন।

বিশেষ অতিথির বক্তৃতায় ব্যবস্থাপনা পরিচালক 'জাতীয় শুদ্ধাচার কৌশল' বা 'স্বপ্নের সোনার বাংলা গঠনের প্রত্যয়' শীর্ষক সরকারের কৌশলপত্রটির গুরুত্ব তুলে ধরেন।
২০১২ সালের অক্টোবর মাসে সরকার কর্তৃক শুদ্ধাচার সংক্রান্ত ধারনা অবমুক্ত করার পর ২০১৩ সাল থেকে বিএইচবিএফসি প্রতিটি প্রশিক্ষণ কোর্সে নীতি-নৈতিকতা (ethical) বিষয়ক শিক্ষণ কার্যক্রম চালিয়ে আসছে। চলতি বছরের জানুয়ারি মাসে শুদ্ধাচারের উপর সময়াবদ্ধ অর্জন মূল্যায়ন কার্যক্রম শুরুর পর কর্পোরেশন এ বিষয়ে আলাদা মডিউল প্রণয়ন করে বিশেষায়িত এ প্রশিক্ষণ কার্যক্রম চালু করে। জানামতে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে বিএইচবিএফসিই বিশেষায়িত এ প্রশিক্ষণ কার্যক্রম প্রথম শুরু করল। জুন মাসে অনুষ্ঠিত এ কোর্সটিতে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব নিয়াজ রহমান এবং দুর্নীতি দমন কমিশনের প্রশাসন ও সংস্থাপন বিভাগের পরিচালক মিসেস নিরু শামসুন নাহার অতিথি বক্তা হিসেবে জ্ঞানগর্ব বক্তব্য রাখেন।




# মালয়েশিয়ায় বিডি-রেড প্রদর্শনীতে বিএইচবিএফসি

কর্পোরেশনের দুই সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল সম্প্রতি বাংলাদেশ রিয়েল এস্টেট ডিরেক্টরি (বিডি-রেড) আয়োজিত এক আন্তর্জাতিক প্রদর্শনীতে অংশগ্রহণ করে। কর্পোরেশনের সাবেক মহাব্যবস্থাপক মো. আফজাল করিম এবং জনসংযোগ ইউনিটের সহকারী মহাব্যবস্থাপক জেড এম হাফিজুর রহমানের সমন্বয়ে গঠিত প্রতিনিধি দল Remitance, Housing & Trade সংক্রান্ত এ প্রদর্শনীতে মালয়েশিয়ায় বসবাসরত প্রবাশী বাংলাদেশীদের গৃহায়ণ খাতে বিনিয়োগ করার পরামর্শ দেন। বাংলাদেশ রিয়েল এস্টেট ডিরেক্টরি বিডি-রেড'র আয়োজন ও ব্যবস্থাপনায় গত ২৮ ও ২৯ মার্চ মালয়েশিয়ার কুয়ালালামপুরে এ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। মেলায় কর্পোরেশনের ঋণ সহায়তা এবং প্রবাসীদের কষ্টার্জিত অর্থের যৌথ বিনিয়োগের মাধ্যমে দেশের গৃহায়ণ খাতে লাভজনক ব্যবসার সুযোগ প্রবাসীদের আকৃষ্ট করে।

এ মেলায় অংশ নেয়ার মধ্যদিয়ে মালয়েশিয়া থেকে দেশে রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি উৎসাহিত করণের পাশাপাশি আন্তর্জাতিক পর্যায়ে কর্পোরেশনের ভাবমূর্তি উজ্জ্বলতর হয়েছে।

## এপ্রিল-জুন সময়কালে অবসরোত্তর ছুটিতে গমনকারী কর্মকর্তা-কর্মচারীবৃন্দ



**মিসেস মাহমুদা বেগম**
সহকারী মহাব্যবস্থাপক
জোনাল অফিস
জোন-৩, ঢাকা
শেষ কর্মদিবস:২৬মে ২০১৫খ্রি.



**মিসেস অনুভা রানী বড়ুয়া**
প্রিন্সিপাল অফিসার
জোনাল অফিস
চট্টগ্রাম
শেষ কর্মদিবস: ৩০মে ২০১৫খ্রি.



**জনাব মো. আমিনুল ইসলাম**
সিনিয়র অফিসার
রিজিওনাল অফিস
জামালপুর
শেষ কর্মদিবস: ৩১মে ২০১৫খ্রি.



**জনাব জালাল আহাম্মদ**
ড্রাইভার
সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগ
শেষ কর্মদিবস: ৫ এপ্রিল ২০১৫খ্রি.



**জনাব মো. আবু বকর সিদ্দিক**
চৌকিদার
জোনাল অফিস
রাজশাহী
শেষ কর্মদিবস: ৭ এপ্রিল ২০১৫খ্রি.



**জনাব আহমদ আলী**
লিফট অপারেটর
জোনাল অফিস
জোন-৩, ঢাকা
শেষ কর্মদিবস: ১৪ জুন ২০১৫খ্রি.

**জনাব মো. শাহজাহান**
চৌকিদার
জোনাল অফিস
ময়মনসিংহ
শেষ কর্মদিবস: ৯ এপ্রিল ২০১৫খ্রি.



মাসিক বিশেষ সভায় বক্তব্য রাখছেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার (মাঝে)

## মাসিক বিশেষ সভা অনুষ্ঠিত

গত ১১ জুন কর্পোরেশনের সদর দফতরস্থ প্রশিক্ষণ কেন্দ্রে ৪৪-তম মাসিক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এসময় কর্পোরেশনে সদ্য যোগদানকৃত তিন মহাব্যবস্থাপক, সদর দফতরের সকল বিভাগীয় প্রধান এবং ঢাকা, নারায়ণগঞ্জ ও সাভারস্থ জোনাল অফিসসমূহের ব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। সদর দফতরে কর্মরত তৃতীয় শ্রেণীর কর্মচারীসহ সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ সভায় যোগদান করেন।

## সাফল্য

## ২০১৪-২০১৫ অর্থবছরের ব্যবসায়িক অগ্রগতি

সাম্প্রতিক বছরগুলোতে কর্পোরেশনের সার্বিক কার্যক্রমে নতুন গতি ও উন্নয়নের ধারা সূচিত হয়েছে। ফলে, প্রতিষ্ঠানটির সেবার মান বৃদ্ধির পাশাপাশি ব্যবসায়িক অর্জনের ক্ষেত্রে উন্নতি অব্যাহত আছে। সদ্য সমাপ্ত ২০১৪-২০১৫ অর্থবছরেও অর্জন নির্দেশক অধিকাংশ সূচক উর্ধ্বমুখি।

ঋণযোগ্য তহবিলের অপর্যাপ্ততার কারণে অর্থবছরে প্রত্যাশিত পরিমাণ ঋণ মঞ্জুর ও বিতরণ করা সম্ভব হয়নি। মঞ্জুর ও বিতরণের গতি শ্লথ হলেও আদায়, বিশেষত শ্রেণীকৃত ঋণের আদায়ে সর্বাত্মক প্রচেষ্টা নিয়োজিত করায় এক্ষেত্রে প্রত্যাশিত ফলাফল লাভ করা সম্ভব হয়েছে এবং এ অর্থবছরেও আদায় এবং মুনাফা বৃদ্ধি পেয়েছে। কমেছে শ্রেণীকৃত ঋণ।

সফলভাবে আরেকটি অর্থবছর সমাপ্তিতে বিএইচবিএফসি'র গৌরবময় পথপরিক্রমার ৬৩ বছর পূর্ণ হলো। এসময়কালে প্রতিষ্ঠানটি সরকারের প্রধানতম একটি সেবা খাত এবং গণমানুষের অন্যতম ভরসাস্থলে পরিণত হয়েছে। কারণ, মানুষের প্রধানতম মৌলিক চাহিদা-বাসস্থান বিনির্মানে কাজ করে বিএইচবিএফসি। এপর্যন্ত প্রতিষ্ঠানটি দেশে প্রায় দুই লক্ষ গৃহ-ইউনিট নির্মাণে ঋণ সহায়তার মাধ্যমে লক্ষ লক্ষ মানুষের জন্য মানসম্মত আবাসনের ব্যবস্থা করেছে।

গত চার বছরে বদলে যাওয়া বিএইচবিএফসি'র ব্যবসায়িক সাফল্য যেকোন প্রতিষ্ঠানের জন্য আদর্শস্থানীয়। এ সময় অর্জিত মোট মুনাফা ৭১৮.৯৮ কোটি টাকা এবং সরকারী কোষাগারে রাজস্ব পরিশোধের পরিমান ৩০৮.৯১ কোটি টাকা। এ সময় শ্রেণীকৃত ঋণ বৃদ্ধি পায়নি বরং তা ১৫.৭০ শতাংশ থেকে কমে ৫.৯২ শতাংশে পরিণত হয়েছে।

অনুসরনীয় ব্যবসায়িক সাফল্য থাকা সত্ত্বেও লাভজনক এ প্রতিষ্ঠানটি গুরুতর আর্থিক সংকটে নিপতিত। গত দশ বছরেও প্রতিষ্ঠানটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন এক টাকাও বাড়েনি। প্রতিবছর হাজার কোটি টাকার ঋণ চাহিদার বিপরীতে দুই-তিনশ কোটি টাকার বেশি ঋণ দেয়া সম্ভব হয় না। তহবিল প্রাপ্তির সর্বাত্মক প্রচেষ্ঠা সত্ত্বেও এর কোন সংস্থান করা সম্ভব হচ্ছে না। রাষ্ট্রায়ত্ত অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মতো বাজেট থেকে প্রতিবছর তহবিলের যোগান পেলে বিএইচবিএফসি দেশের গৃহায়ণ সমস্যা সমাধানের পাশাপাশি বার্ষিক হাজার কোটি টাকার মুনাফা অর্জন করতে সক্ষম হবে।

**সদ্য সমাপ্ত ২০১৪-২০১৫ অর্থবছরে ব্যবসায়িক অর্জনের চিত্র**

কোটি টাকায়

| সূচক | ২০১২-২০১৩ | ২০১৩-২০১৪ | ২০১৪-২০১৫* |
|---|---|---|---|
| ঋণ মঞ্জুরী | ৫৩৯.২৫ | ২৮৫.১৮ | ৩১১.২১ |
| ঋণ বিতরণ | ৪৩৭.৪৯ | ৩৮৮.৯০ | ২৭১.৭৩ |
| ঋণ আদায় | ৪৫১.৯৪ | ৪৬২.৯৬ | ৪৮২.৯৬ |
| শ্রেণীকৃত ঋণ | ৯.২৫% | ৬.৫০% | ৫.৯২ % |
| মুনাফা | ১৮৮.৯৯ | ১৯৪.৭৭ | ১৮৫.০২ |

* প্রভিশনাল হিসাব অনুযায়ী

প্রধান পৃষ্ঠপোষক : **ড. মো. নূরুল আলম তালুকদার,** ব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক মন্ডলী : **ড. দৌলতুন্নাহার খানম,** মহাব্যবস্থাপক (প্রশাসন)
**মো. বদিউজ্জামান,** সিনিয়র প্রিন্সিপাল অফিসার

প্রকাশনা : পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বিএইচবিএফসি
২২, পুরানা পল্টন, ঢাকা -১০০০, E-mail : bhbfc@bangla.net
Web : www.bhbfc.gov.bd

পবিত্র মাহে রমজান
-এর শুভেচ্ছা
ও
ঈদ মোবারক